দৈনিক খবর

তারিখ ... 20 SEP 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২

৫৪৪

# ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে থমথমে অবস্থা

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস মোটামুটি শান্ত ছিল। অবশ্য ক্যাম্পাসে স্বাভাবিক পরিবেশ এখনও ফিরে আসেনি।

পুরো ক্যাম্পাসে সন্ত্রাস-আতংক রয়েছে। সেই সাথে ক্যাম্পাস এলাকায় সশস্ত্র তরুণদের আনাগোণা বৃদ্ধি পেয়েছে। ক্লাসে উপস্থিতির হার বাড়লেও উল্লেখযোগ্যসংখ্যক আবাসিক ছাত্র-ছাত্রী হলে ফিরে আসেনি।

সন্ত্রাস-আতংকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে। ক্যাম্পাসবাসীদের কেবলই জিজ্ঞাসা, 'বিশ্ববিদ্যালয় কি আবারও বন্ধ হয়ে যাবে!' সর্বত্র কেমন জানি কি হয় কি হয় ভাব। রিকশার চাকার

২-এর পাতায় দেখুন

## ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে

প্রথম পৃষ্ঠার পর

টায়ার ব্রাস্টের শব্দ শুনলেই ক্যাম্পাসে দৌড়াদৌড়ি শুরু হয়। এমনি ধরনের এক ঘটনা ঘটেছে গতকাল। টিএসসি চত্বরে সকাল ১০টায় মারদাঙ্গা ভিডিও ফিল্মের মহড়া চলছিল। বাঁশ দিয়ে আগ্নেয়াস্ত্র বানিয়ে নাট্যকর্মীরা মহড়া শুরু করতেই ক্যাম্পাসে ছুটোছুটি শুরু হয়। পরে ব্যাপারটি বুঝতে পেরে সেখানটায় স্বাভাবিক পরিবেশ ফিরে আসে।

গতকাল বেশ ক'টি ছাত্র সংগঠন ক্যাম্পাসে সভা-সমাবেশ ও মিছিল করেছে। সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠা ও ডাঃ মিলন হত্যাকারীদের গ্রেফতারের দাবীতে ছাত্রদল কেন্দ্রীয়ভাবে অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্র জমায়েত করেছে। ফজলুল হক মিলনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ জমায়েতে বক্তৃতা করেন ডাকসু'র জিএস খায়রুল কবির খোকন, ছাত্রদলের যুগ্ম-আহবায়ক ইলিয়াস আলী, ডাকসু'র এজিএস নাজিমউদ্দিন আলম, মনিরুজ্জামান মনির, কামরুজ্জামান রতন, নাসির উদ্দিন পিন্টু, রোকেয়া হলের ভিপি শিরিন সুলতানা, রফিকুল ইসলাম জগলু, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সাধারণ সম্পাদক আলী আক্কাছ নাদিম। এতে ইলিয়াস আলী বলেন, শেখ মুজিব আপোষহীন ও সাহসী নেতা ছিলেন। কিন্তু শেখ হাসিনার আচার-আচরণে সন্দেহ হয় সে শেখ মুজিবের সন্তান কিনা। তার মাথায় রাজনৈতিক ঘিলু নেই। তিনি সন্ত্রাস করতে চাইছেন। সন্ত্রাস পরিহার করুন। সন্ত্রাস করে গণতান্ত্রিক সরকারকে হটানো যাবে না।

বাংলাদেশ ছাত্রলীগ (আ-অ) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ক্যাম্পাসে সমাবেশ করেছে। কাল শনিবার সকাল ১০টায় অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিতব্য সন্ত্রাস বিরোধী সমাবেশের সমর্থনে এই সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশের শুরুতেই পুরো ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। সমাবেশে বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের (আ-অ) সভাপতি গোলাম মোস্তফা সুজন ও সাধারণ সম্পাদক কামরুজ্জামান আনসারী। সমাবেশে নেতৃবৃন্দ বলেছেন, ছাত্রদলের সশস্ত্র কর্মীরা ক্যাম্পাসে সন্ত্রাস করছে। বহিষ্কৃতরা বুক ফুলিয়ে হাঁটছে। এ সব ব্যাপারে সরকার রহস্যজনক কারণে নীরবতা পালন করছে। সন্ত্রাস বন্ধ করুন, নইলে সন্ত্রাসের দাঁত ভাঙ্গা জবাব দেয়া হবে।

ছাত্রলীগ (না-শ) ক্যাম্পাসে মিছিল শেষে ডাকসু ভবন চত্বরে এক সমাবেশের আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি রোকনুজ্জামান এতে সভাপতিত্ব করেন।